

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০-১৯১০

তারিখঃ ২৬ মাঘ ১৪২৩
০৮ ফেব্রুয়ারি ২০১৭

বিষয় : দপ্তরি-কাম-প্রহরি পদে নিয়োগ সংক্রান্ত নীতিমালার বিষয়ে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৪৫৮/২০১৫
মামলার রায়ের আলোকে সিদ্ধান্ত বাস্তবায়ন।


সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০-১৭৯১, তারিখ: ১০ জানুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-৩৪৫৮/২০১৫ মামলায় গত ০৭/০৯/২০১৬ তারিখে Rule Absolute মর্মে রায় প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

০২। রিট পিটিশন নং-৩৪৫৮/২০১৫ এর বিষয়ে আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে সরকার কর্তৃক আপিল দায়ের না করার সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরি-কাম-প্রহরি পদে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের উদ্দেশ্যে এ মন্ত্রণালয়ের ২৬ জানুয়ারি ২০১৫ তারিখের ৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০(অংশ-১)-১১৫ নং স্মারকমূলে জারিকৃত সংশোধিত নীতিমালার ৭(২) নং অনুচ্ছেদে প্রতিস্থাপিত অংশটুকু এতদ্বারা বাতিলপূর্বক ০৯ ডিসেম্বর ২০১২ তারিখের ৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০-১৪২৫ নং স্মারকমূলে জারিকৃত মূল নীতিমালার ৭.২ নং অনুচ্ছেদ বহাল করা হলো।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক দপ্তরি-কাম-প্রহরি পদে নিয়োগের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামোতাবেক।


(কে, এম, কতল আমীন)
যুগ্মসচিব
ফোন : ৯৫১৪০৯১

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি:

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(প্রতীটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।